

Medical Degrees (Repeal) Act, 2021

সূচি

ধারাসমূহ

- ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন
 - ২। রহিতকরণ ও হেফাজত
-

Medical Degrees (Repeal) Act, 2021

২০২১ সনের ১৮ নং আইন

[২২ সেপ্টেম্বর, ২০২১]

Medical Degrees Act, 1916 রহিতকরণকল্পে প্রণীত আইন

যেহেতু Medical Degrees Act, 1916 (Act No. VII of 1916) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

সংক্ষিপ্ত শিরোনাম ও
প্রবর্তন

১। (১) এই আইন Medical Degrees (Repeal) Act, 2021 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রহিতকরণ ও
হেফাজত

২। (১) Medical Degrees Act, 1916 (Act No. VII of 1916) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Act এর অধীন—

- (ক) প্রদত্ত অনুমোদিত ও ইস্যুকৃত ডিগ্রি, ডিপ্লোমা, লাইসেন্স, সার্টিফিকেট এবং অন্য কোন দলিলের ধারক (holder), গ্রাহক (grantee) বা প্রাপক (recipient) কে, “Western medical science” প্রাকটিস করিবার যোগ্য বলিয়া প্রদানকৃত অনুমতি বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে বলবৎ থাকিবে যেন উক্ত Act রহিত হয় নাই;
- (খ) জারীকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত আদেশ, নির্দেশ, অনুমোদন, যদি থাকে, তবে উহা সংশোধন বা বাতিল না হওয়া পর্যন্ত, এইরূপে কার্যকর থাকিবে যেন উক্ত Act রহিত হয় নাই; এবং
- (গ) দায়েরকৃত কোনো মামলা বা কার্যধারা কোনো আদালতে চলমান থাকিলে উহা এইরূপে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত Act রহিত হয় নাই।